উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য কনসাল্টিং ফার্ম খুঁজছে আরডিআরএস বাংলাদেশ

উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রামন্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য কনসাল্টিং ফার্ম খুঁজছে আরডিআরএস বাংলাদেশ। বিস্তারিত সংযুক্ত (Terms of Reference) ToR- এ উলেস্নখ করা রয়েছে। আবেদন বা প্রস্তাবনা পাঠানোর শেষ সময়: ১০/১১/২০২৪।

আবেদন বা প্রস্তাবনা পাঠাতে হবে প্রকল্প ব্যবস্থাপক (আরএমটিপি), আরডিআরএস বাংলাদেশ, জেল রোড, রাধাবল্লভ রংপুর বরাবরে; ferdous.prodhan@gmail.com এই ইমেইলে ।

উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্সটি সম্পাদনের ক্ষেত্রে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সংক্রান্ত কর্মপরিধি

১.০ আরডিআরএস বাংলাদেশ সম্পর্কে

জেনেভাভিত্তিক আন্তর্জাতিক দাতা সংস্থা লুথেরান ওয়ার্ল্ড ফেডারেশন/সার্ভিস (এলডাবিস্নউএফ/এস) এর কান্ট্রি প্রোগ্রাম হিসেবে ড. ওলাভ হুডনি ১৯৭১-এ বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের সময় ভারতের কোচবিহারে ''কোচবিহার রিফিউজি সার্ভিস (সিবিআরএস)'' প্রতিষ্ঠা করেন। সেসময় ভারতের কোচবিহারে আশ্রয় নেয়া বাংলাদেশের শরনার্থীদের সাহায্যের মাধ্যমে সিবিআরএস কার্যক্রম শুরু করে। স্বাধীনতার পর ১৯৭২ সালের ৮ ফেব্রস্নয়ারি ''রংপুর দিনাজপুর রুরাল সার্ভিস (আর. ডি. আর. এস)'' নামে বৃহত্তর রংপুর দিনাজপুর অঞ্চলে ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম শুরু করে।

বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলে আন্তর্জাতিক দাতা সংস্থা লুথেরান ওয়ার্ল্ড ফেডারেশন এর উদ্যোগে 'আর ডি আর এস (রংপুর দিনাজপুর-রিহেবিলেটেশন)' ১৯৭২ সালের ৮ ফেব্রস্নয়ারি প্রতিষ্ঠা লাভ করে। শুরুতে এই সংস্থা বৃহত্তর রংপুর-দিনাজপুর অঞ্চলের যুদ্ধবিধ্বসস্ত মানুষের খাদ্য, স্বাস্থ্যসেবা, পুনর্বাসন এবং যোগাযোগ ব্যবস্থা ও অবকাঠামো উন্নয়ন কর্মসূচি বাসস্তবায়নের কাজ করে। এ অঞ্চলের গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক অবস্থা ও অবস্থানের উন্নয়নের লক্ষ্যে ধীরে ধীরে এই সংস্থার কাজের পরিধি প্রসারিত হতে থাকে। এরই ধারাবাহিকতায় এই সংস্থা ১৯৯৭ সালে দেশীয় বেসরকারি উন্নয়ন সংস্থা হিসেবে ''আরডিআরএস বাংলাদেশ'' এর কার্যক্রম চলমান রাখে ও ক্রমে এর প্রসারণ ঘটাতে থাকে। শুরু থেকেই এই সংস্থা বৃহত্তর রংপুর-দিনাজপুর তথা বর্তমানের রংপুর বিভাগসহ দেশের দরিদ্র ও অসহায় মানুষের আর্থ-সামাজিক-সাংস্কৃতিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে কাজ করে চলেছে।

আরডিআরএস বাংলাদেশ বর্তমানে রংপুর বিভাগের সবগুলো জেলাসহ দেশের মোট ৩০টি জেলায় কাজ করছে। আরডিআরএস-এর বিভিন্ন উন্নয়ন কর্মসূচিতে সরাসরি অংশগ্রহণকারীর সংখ্যা প্রায় ২.২৫ মিলিয়ন বা সাড়ে বাইশ লাখ দরিদ্র জনসাধারণ।

দেশের সুবিধাবঞ্চিত মানুষের উন্নয়নে এই সংস্থার কর্মসূচির আওতায় রয়েছে উদ্যোক্তা উন্নয়ন, আয়বৃদ্ধিমূলক কর্মকা- (যেমন হাঁস-মুরগি ও গবাদি পশু পালন, নার্সারি, জৈব সার উৎপাদন ইত্যাদি), বাড়িঘর উঁচুকরণ, রাস্তাঘাট ও ব্রিজ-কালভার্ট নির্মাণ, বসতবিটায় সমন্বিত খামার, স্বাস্থ্যসেবা, শিশুশিক্ষা,

কিশোরী শিক্ষা-সচেতনতা কার্যক্রম, নারী অধিকার রক্ষা, ক্ষুদ্রঋণ, জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক দুর্যোগপূর্ব প্রস্তুতিমূলক সচেতনতা সৃষ্টি, দুর্যোগ পরবর্তী ত্রাণ সহায়তা ইত্যাদি।

ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় রয়েছে বিভিন্ন ধরনের অনেকগুলো কর্মসূচি/প্রকল্প। বিভিন্ন দাতাসংস্থার আর্থিক সহায়তায় এসব কার্যক্রম বাসত্মবায়িত হচ্ছে। দরিদ্র মানুষের অর্থনৈতিক ক্ষমতায়ন ও সুযোগ সৃষ্টির লক্ষ্যে পরিচালিত হচ্ছে ক্ষুদ্র উদ্যোগ কর্মসূচি। ক্ষুদ্র ব্যবসায়ী এবং উদ্যোক্তাদের বিভিন্ন ধরনের ঋণ সুবিধা এবং অন্যান্য কারিগরি সুবিধা দেয়ার মাধ্যমে তাদের আয় বাড়ানো, কর্মসংস্থান সৃষ্টি এবং গ্রামীণ অর্থনীতিকে আরো গতিশীল করার উদ্দেশ্যে ক্ষুদ্রঋণ কর্মসূচিকে দুটি ভাগে ভাগ করা হয়: ক্ষুদ্রঋণ (উন্নতি) ও ক্ষুদ্রঋণ (উদয়ন)।

২.০ Rural Microenterprise Transformation Project (RMTP) সম্পর্কে

পলস্নী কর্ম-সহায়ক ফাউন্ডেশন ও আমত্মর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)-এর অর্থায়নে ৩ বছর মেয়াদী Rural Microenterprise Transformation Project (RMTP) আরডিআরএস বাংলাদেশ কর্তৃক বাসত্মবায়িত হচ্ছে। RMTP- প্রকল্পের আওতায়' নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন' শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্পটি সদস্যদের আয় বৃদ্ধি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে কাজ করছে। উপ-প্রকল্পের সদস্যদের নিরাপদ পোল্ট্রি পণ্যের উৎপাদন বৃদ্ধি, পণ্যের শক্তিশালী বাজার সংযোগ ও বাজার সম্প্রসারণ এবং পোল্ট্রি খাত সংশিস্নষ্ট ব্যবসায় কার্যকর পরিবেশ তৈরিতে কর্মকা- বাসত্মবায়ন করা হচ্ছে। পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি ও বাজার সম্প্রসারণের লক্ষ্যে পিকেএসএফ-এর সহায়তাপুষ্ট সংস্থা আরডিআরএস বাংলাদেশ রংপুর জেলার রংপুর সদর, কাউনিয়া, পীরগাছা, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ ও কুড়িগ্রাম জেলার রাজারহাট মোট ৫টি উপজেলায় ২৫টি ইউনিয়নে উপ-প্রকল্পের কর্মকান্ড সমূহ বাসত্মবায়ন করে আসছে। পোল্ট্রি খাতে অপ্রতুল সেবা, পোল্ট্রি খাদ্যের সংকট, প্রচলিত খামার ব্যবস্থাপনা, নিরাপদ পণ্যে (মাংস ও ডিম) উৎপাদন সম্পর্কিত জ্ঞানের অভাব, দূর্বল প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থাপনা এবং অপর্যাপ্ত আইসিটি ও আর্থিক সেবা ও পোল্ট্রি পণ্যর উদ্যোগের অন্যতম অমত্মরায়। এহেন প্রতিবন্ধকতার কারণে মাংস ও ডিমের উৎপাদন আশানুরূপ হচ্ছে না। এছাড়া স্থানীয় উৎপাদিত পোল্ট্রিজাত পণ্য প্রতিযোগিতা মূলক বাজারে বিক্রি করা সম্ভব হচ্ছে না। বাসত্মবায়নাধীন উপ-প্রকল্পে ৯,৫০০ খামারি এবং ব্যাকওয়ার্ড ও ফরওয়ার্ড মার্কেট শক্তিশালীকরণে ৫,০০ সার্ভিস প্রভাইডার রয়েছে। উপ-প্রকল্প ভার্চুয়াল পস্ন্যাটফর্মে প্রয়োজনীয় তথ্য আদান-প্রদানের মাধ্যমে উদ্যোক্তাদের প্রশিক্ষিতকরণ, খামার/কৃষির আধুনিকায়ন এবং গুণগত উপকরণ ও সার্ভিসের ডিমান্ড সৃষ্টির লক্ষ্যে উপ-প্রকল্পটি কাজ করে যাচ্ছে।

উপ-প্রকল্পের আওতায় উৎপাদিত পণ্যের ব্র্যান্ড ইমেজ তৈরির পাশাপাশি পণ্য প্রক্রিয়াজাতকরণ, সনদায়ন, বিপণন এবং রপ্তানি পণ্য বৃদ্ধিকরণ করা হচ্ছে। এ পর্যায়ে, পণ্য সমূহকে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম যেমনঃ ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম ইত্যাদি ব্যবহার করে ব্রান্ডিং কার্যক্রম সম্পাদনের নিমিত্ত উদ্যোক্তাদেরকে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৩.০ উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্সের লক্ষ্য ও উদ্দেশ্য

পিকেএসএফ কর্তৃক বাসত্মবায়নাধীন RMTP-এর আওতায় আরডিআরএস বাংলাদেশর কর্তৃক নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্প বাসত্মবায়িত হচ্ছে। উক্ত ভ্যালু চেইন উপ-প্রকল্পের আওতাভুক্ত উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য সমূহের প্রচার প্রচারণার লক্ষ্যে উপরোক্ত সোশ্যাল মিডিয়া মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। এ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে নিম্নোক্ত বিষয়সমূহ নিশ্চিত করা সম্ভব হবে।

ক) অনলাইন ভিত্তিক বাজার ব্যবস্থার উপযোগী উদ্যোক্তাদেরকে শনাক্ত করা যাবে।

খ) উদ্যোক্তারা সোশ্যাল মিডিয়া যেমনঃ ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম প্রভৃতি ব্যবহার করে তাদের উৎপাদিত পণ্যের বিজ্ঞাপন প্রস্তুত থেকে শুরু করে শ্রেণি, বয়স, অবস্থান অনুযায়ী মানুষের মধ্যে প্রচারণা করতে সক্ষম হবেন।

গ) পণ্য কিভাবে ব্র্যান্ড হিসাবে আবির্ভূত হয় সে সম্পর্কে উদ্যোক্তারা জানতে পারবেন।

ঘ) উদ্যোক্তাদের অনলাইন মার্কেট (ই-কমার্স, এফ-কমার্স)-এ প্রবেশাধিকার বৃদ্ধি পাবে।

৪.০ উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রামত্ম কোর্সটির আলোচ্য বিষয়সমূহকে ৬টি মডিউলে বিভক্ত করা হয়েছে, মডিউলসমূহ ও সেগুলোর বিষয়বস্তু নিম্নরূপ (এতৎ সংশিস্নষ্ট সেশন পরিচালনা পরিকল্পনা সংযুক্তি-১ দ্রষ্টব্য)-

১	উদ্বোধন ও প্রশিক্ষণ বিষয়ক প্রাথমিক আলোচনা - উদ্বোধন, রেজিস্ট্রেশন, জড়তা বিমোচন - প্রশিক্ষণের উদ্দেশ্য সম্পর্কে সাধারণ ধারণা	৪	Meta Business Suite - Meta Business Suite বিষয়ক ধারণা - Meta Business সেটিংস - ফেসবুক পেজ অ্যাক্সেস ব্যবস্থাপনা - ফেসবুক বিষয়ক নিরাপত্তা (2FA, Spam)
২	সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং বিষয়ক ধারণা - সোশ্যাল মিডিয়া এবং মার্কেটিং সম্পর্কে প্রাথমিক ধারণা - পণ্যের ব্যবসায়িক যোগাযোগ দক্ষতা উন্নয়ন সম্পর্কে ধারণা - পণ্যের মান উন্নয়ন বিষয়ক ধারণা - পণ্যের প্যাকেজিং বিষয়ক ধারণা	৫	Ads Manager - Ads Manager বিষয়ক ধারণা - Facebook Ads Manager বিষয়ক ধারণা - Facebook Ads Auction - Facebook Ads-এর কার্যকারিতা - বুস্টিং ও মেট্রিক্স বিষয়ক ধারণা - পেমেন্ট ও পণ্যের ডেলিভারি বিষয়ক ধারণা

	- পণ্যের পরিবহণ বিষয়ক ধারণা - বিভিন্ন প্রকার সোশ্যাল চ্যানেল বিষয়ক আলোচনা - ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম এবং অন্যান্য সোশ্যাল চ্যানেলের ব্যবহার বিষয়ক আলোচনা		
৩	ফেসবুক ভিত্তিক মার্কেটিং কৌশল - ফেসবুক পেজ প্রস্তুতকরণ এবং অপটিমাইজেশন - ফেসবুক অ্যালগরিদম-এর কার্যপদ্ধতি - ক্যালেন্ডার ভিত্তিক কনটেন্ট ব্যবস্থাপনা - ফটোগ্রাফি ও ভিডিও গ্রাফি বিষয়ক ধারণা - লাইভ এবং রিল প্রস্তুতকরণ - ফেসবুক মনেটাইজেশন	৬	ইউটিউবভিত্তিক মার্কেটিং কৌশল - ইউটিউব চ্যানেল প্রস্তুতকরণ - ভিডিও প্রস্তুত বিষয়ক ধারণা - Thumbnail প্রস্তুতকরণ - ইউটিউব অ্যানালাইটিক্স - করণীয় এবং করণীয় নয় বিষয়ক আলোচনা

৫.০ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় ডকুমেন্টস/নথি

ক) পরামর্শক প্রতিষ্ঠানের এতদ্বিষয়ক অভিজ্ঞতার আলোকে বিভিন্ন পণ্য ভিত্তিক উদাহরণের মাধ্যমে অনুচ্ছেদ ৪.০ এবং সংযুক্তি-১ মোতাবেক উপরোক্ত প্রশিক্ষণ প্রদান করবেন। প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণার্থী মূল্যায়ন ফর্ম প্রস্তুত করবেন এবং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মূল্যায়নসহ (Pre and Post-evaluation) তা আরডিআরএস বাংলাদেশে জমা প্রদান করবেন।

খ) প্রশিক্ষণ সংক্রামন্ত মডিউল ভিত্তিক শিখন ডকুমেন্ট-এর সফটকপি, অডিও/ভিডিও কনটেন্ট উদ্যোক্তাদেরকে প্রদান করবেন।

৬.০ চুক্তির সময়কাল

প্রশিক্ষণ বাস্তবায়ন পরিকল্পনায় নির্দেশিত ব্যাচের সংখ্যা (৫ ব্যাচ; প্রতি ব্যাচে ২৫ জন) অনুযায়ী পরামর্শক প্রতিষ্ঠান প্রশিক্ষণ প্রদানের জন্য চুক্তিবদ্ধ হবেন। প্রতি ব্যাচের আওতায় নির্দিষ্ট সংখ্যক উদ্যোক্তাদেরকে অনুচ্ছেদ-৪ মোতাবেক ১ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করতে হবে। উক্ত প্রশিক্ষণ বিষয়ে পরামর্শক প্রতিষ্ঠান, আরডিআরএস বাংলাদেশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ বজায় রাখবেন এবং তাঁকে এতদ সংশ্লিস্ট যেকোনো প্রকারের রিপোর্টিং করবেন।

৭.০ যোগ্যতা ও অভিজ্ঞতা

ক) পরামর্শক প্রতিষ্ঠান (জাতীয়)

- পরামর্শক প্রতিষ্ঠানটির ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে-যার মধ্যে প্রশিক্ষণ প্রদান, ডিজিটাল মার্কেটিং, ডিজিটাল এডুকেশন টেকনোলজি (Edtech)/ অ্যাডভার্টাইজিং টেকনোলজি (Adtech), অনলাইন মিডিয়া/ব্লগ ইত্যাদি বিষয়ের ওপর ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- পরামর্শক প্রতিষ্ঠানের কোম্পানি রেজিস্ট্রেশন সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), বৈধ ট্রেড লাইসেন্স থাকতে হবে এবং আর্থিক সক্ষমতা যাচাইয়ের জন্য ন্যূনতম ৬ মাসের ব্যাংক স্টেটমেন্ট প্রেরণ করতে হবে।
- পরামর্শক প্রতিষ্ঠানটির বৈধ ইনকাম ট্যাক্স, ভ্যাট সার্টিফিকেট থাকতে হবে।
- প্রাতিষ্ঠানিক কমিটির সদস্য/পরিচালনা পর্ষদের সদস্যদের তালিকা প্রেরণ করতে হবে।
- পরামর্শক প্রতিষ্ঠানটির একটি দক্ষ টিম কম্পোজিশন থাকতে হবে (৮-১২ জন)।
- ৪ বছরে সম্পাদিত এবং বর্তমানে চলমান অ্যাসাইনমেন্টসমূহের বিবরণ প্রদান করতে হবে। তবে প্রশিক্ষণ বিশেষত ডিজিটাল মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ সংক্রামন্ত কর্মকান্ড সম্পাদনের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে।
- টিম কম্পোজিশন (ডিজিটাল মার্কেটিং সংশিস্নষ্ট পরামর্শক=৩-৭ জন)

৮.০ ডেলিভারাবলস্ এবং আর্থিক প্রস্তাবনা

পরামর্শক প্রতিষ্ঠান উপরোক্ত পরামর্শক সেবা কাজের প্রয়োজনীয় ডেলিভারাবলস্ (সম্মানী, খাবার, ভেন্যু, লজিস্টিক, প্রশিক্ষণার্থীদের যাতায়াত ভাতা) সহ বিস্তারিত আর্থিক প্রস্তাবনা প্রেরণ করবে।

৯.০ পরামর্শক প্রতিষ্ঠান (জাতীয়) নির্বাচন পদ্ধতি

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ দ্বারা নির্দেশিত Least-Cost Selection (LCS) পদ্ধতি অনুসারে পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। চুক্তির ধরণ হবে থোক (Lump-sum)।

১০.০ মূল্য পরিশোধ প্রক্রিয়া

পরামর্শক প্রতিষ্ঠান আরডিআরএস বাংলাদেশর -এর কাছে জমা দেওয়া চালানের উপর ভিত্তি করে অর্থ (ভ্যাট ও ট্যাক্স কর্তন করে) প্রদান করা হবে। এই চুক্তির অধীনে পরামর্শক প্রতিষ্ঠানকে A/c Payee চেকের মাধ্যমে প্রশিক্ষণ শেষে (কোন প্রকার এডভান্স পে দেওয়া হবেনা) অর্থ প্রদান করা হবে।

সেশন	বিষয়বস্তু	প্রশিক্ষণ কোর্সটির মাধ্যমে যে যে বিষয়ে প্রশিক্ষণার্থীগণ জানতে পারবেন	পদ্ধতি	উপকরণ	মূল্যায়ন/মমন্তব্য
০	উদ্বোধন, রেজিস্ট্রেশন এবং জড়তা বিমোচন	প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের মধ্যে আমন্তঃপরিচয় ঘটবে, নিজেদের মধ্যে ভাবের আদান-প্রদান হবে, জড়তা বিমোচন হবে সর্বোপরি অংশগ্রহণমূলক শিক্ষণ প্রক্রিয়া আরম্ভ হবে।	আলোচনা	হাজিরা খাতা, কাগজ, কলম	
১	প্রকল্প ও প্রশিক্ষণ কোর্সটির লক্ষ্য ও উদ্দেশ্য অবহিতকরণ	প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীগণ RMTP-এর আওতায় আয়োজিত সোশ্যাল মিডিয়া মার্কেটিং সংশিস্নষ্ট প্রশিক্ষণ সম্পর্কে সাধারণ ধারণা প্রাপ্ত হবেন পাশাপাশি দিনব্যাপী প্রশিক্ষণ কোর্সটির লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে অবগত হবেন।	আলোচনা	পাওয়ার পয়েন্ট প্রেজেনেটশন/ফ্লিপ চার্ট	প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন
২	সোশ্যাল মিডিয়া এবং মার্কেটিং সম্পর্কে প্রাথমিক ধারণা পণ্যের ব্যবসায়িক যোগাযোগ দক্ষতা উন্নয়ন সম্পর্কে ধারণা	পণ্যের মার্কেটিং কৌশল কি, সোশ্যাল মিডিয়া বলতে কি বুঝায়, বিশ্বের বিভিন্ন ধরনের সোশ্যাল মিডিয়া পস্ন্যাটফর্ম এবং সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সম্পর্কে অংশগ্রহণকারীগণ ধারণা প্রাপ্ত হবেন। কি উপায়ে উদ্যোক্তা ব্যবসায়িক যোগাযোগ দক্ষতা উন্নয়ন করতে পারবেন, কীভাবে ক্রেতাকে পণ্যের প্রতি আকৃষ্ট করা যায় এ বিষয়ে অংশগ্রহণকারীগণ ধারণা পাবেন। পণ্যের ধরণ অনুযায়ী মান নিশ্চিতকরণ এবং প্যাকেজিং-এর ক্ষেত্রে কি কি বিষয়ের	আলোচনা, মুক্ত চিমন্তার ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা	পাওয়ার পয়েন্ট প্রেজেনেটশন/ফ্লিপ চার্ট/পোস্টার প্রভৃতি	প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন

	পণ্যের মান উন্নয়ন, প্যাকেজিং এবং পরিবহণ বিষয়ক ধারণা	দিকে খেয়াল করতে হবে, পরিবহণ/বিতরণের ক্ষেত্রে পণ্যের ধরণভিত্তিক প্যাকেজিং কৌশল কেমন হবে এবং প্রশিক্ষকের অভিজ্ঞতার আলোকে এতৎসংশিস্নষ্ট সর্বোত্তম ব্যবস্থাপনা বিষয়ে অংশগ্রহণকারীগণ ধারণা পাবেন। প্রচলিত বিভিন্ন সোশ্যাল মিডিয়া তথা চ্যানেল যেমনঃ ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম, এক্স এবং অন্যান্য সোশ্যাল চ্যানেল এবং সেগুলোর উদ্দেশ্য ও ব্যবহার বিষয়ে অংশগ্রহণকারীগণ সম্যক ধারণা পাবেন।			
	বিভিন্ন প্রকার সোশ্যাল চ্যানেল যেমনঃ ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম এবং অন্যান্য সোশ্যাল চ্যানেলের ব্যবহার বিষয়ক আলোচনা	পণ্যের মার্কেটিং কৌশল কি, সোশ্যাল মিডিয়া বলতে কি বুঝায়, বিশ্বের বিভিন্ন ধরনের সোশ্যাল মিডিয়া পস্নাটফর্ম এবং সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সম্পর্কে অংশগ্রহণকারীগণ ধারণা প্রাপ্ত হবেন। কি উপায়ে উদ্যোক্তা ব্যবসায়িক যোগাযোগ দক্ষতা উন্নয়ন করতে পারবেন, কীভাবে ক্রেতাকে পণ্যের প্রতি আকৃষ্ট করা যায় এ বিষয়ে অংশগ্রহণকারীগণ ধারণা পাবেন। পণ্যের ধরণ অনুযায়ী মান নিশ্চিতকরণ এবং প্যাকেজিং-এর ক্ষেত্রে কি কি বিষয়ের দিকে খেয়াল করতে হবে,			

		পরিবহণ/বিতরণের ক্ষেত্রে পণ্যের ধরণভিত্তিক প্যাকেজিং কৌশল কেমন হবে এবং প্রশিক্ষকের অভিজ্ঞতার আলোকে এতৎসংশিস্নষ্ট সর্বোত্তম ব্যবস্থাপনা বিষয়ে অংশগ্রহণকারীগণ ধারণা পাবেন। প্রচলিত বিভিন্ন সোশ্যাল মিডিয়া তথা চ্যানেল যেমনঃ ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম, এক্স এবং অন্যান্য সোশ্যাল চ্যানেল এবং সেগুলোর উদ্দেশ্য ও ব্যবহার বিষয়ে অংশগ্রহণকারীগণ সম্যক ধারণা পাবেন।			
৩	ফেসবুক পেজ প্রস্তুতকরণ এবং অপটিমাইজেশন ফেসবুক অ্যালগরিদম-এর কার্যপদ্ধতি	অংশগ্রহণকারীগণ ফেসবুক ওয়েব/অ্যাপ ব্যবহার করে পেজ প্রস্তুত করতে সক্ষম হবেন এবং কি কি তথ্য অনন্তর্ভুক্ত করে পেজটিকে সমৃদ্ধ করা যাবে ও সহজেই জনগণ পেজটি সার্চ করে খুঁজে পাবে সেসব বিষয়ে সম্যক ধারণা পাবেন। কোন ফেসবুক গ্রুপ, পেজ, পোস্ট এবং পেজ-এর অনন্তর্গত যেকোন পোস্ট ইত্যাদি কি পদ্ধতিতে/কৌশলে জনগণের প্রত্যাশা এবং চাহিদা মোতাবেক তাঁদের অ্যাকাউন্ট-এ প্রদর্শিত হয় সেসব বিষয়ে অংশগ্রহণকারীগণ সুনির্দিষ্ট ধারণা পাবেন।	আলোচনা, মুক্ত চিমন্থার ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা	পাওয়ার পয়েন্ট প্রেজেনেটশন/ফ্লিপ চার্ট/পোস্টার প্রভৃতি	প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন

	ক্যালেন্ডার ভিত্তিক কনটেন্ট ব্যবস্থাপনা ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি এবং লাইভ এবং রিল প্রস্তুতকরণ বিষয়ক ধারণা ফেসবুক মনেটাইজেশন বিষয়ক ধারণা	ফেসবুক পেজ-এর কনটেন্ট প্রস্তুত করা এবং নির্দিষ্ট সময়ানুপাতিক পরিকল্পনা (ক্যালেন্ডার) অনুযায়ী কখন ও কোথায় তা পোস্ট করা হবে এ সমস্ত কৌশল সম্পর্কে অংশগ্রহণকারীগণ ব্যবহারিক উদাহরণসহ ধারণা প্রাপ্ত হবেন। কনটেন্ট প্রস্তুতকরণের ক্ষেত্রে ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি কৌশল সম্পর্কে অংশগ্রহণকারীগণ অবগত হবেন। এর পাশাপাশি ফেসবুক লাইভ এবং রিল কি উপায়ে প্রস্তুত করতে হয় সে সম্পর্কেও সম্যক ধারণা পাবেন। পণ্য বিষয়ক কনটেন্ট প্রস্তুতকরণ এবং সেগুলো প্রদর্শন করে ফেসবুক থেকেই কি উপায়ে অর্থ উপার্জন করা যায় সে সম্পর্কে অংশগ্রহণকারীগণ সুনির্দিষ্ট ধারণা পাবেন।			
৪	Meta Business Suite বিষয়ক ধারণা	ফেসবুক/মেটা বিজনেস স্যুট কি এবং তা ব্যবহার করে পণ্য প্রদর্শন ও মার্কেটিং-এর কি কি কাজ করা যায়,	আলোচনা, মুক্ত চিমন্থার ঝড়,	পাওয়ার পয়েন্ট প্রেজেনেটশন/ফ্লিপ	প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা

	ফেসবুক পেজ অ্যাক্সেস এবং নিরাপত্তা ব্যবস্থাপনা	কীভাবে করা যায়, মেটা বিজনেস স্যুট বিষয়ক বিভিন্ন সেটিংস সম্পর্কে অংশগ্রহণকারীগণ শিখতে পারবেন। ফেসবুক পেজ-এ অ্যাডমিন/মডারেটর কর্তৃক সাইন ইন করা এবং পেজ ব্যবস্থাপনা শেষে সঠিকভাবে সাইন আউট করা, পেজ অ্যাডমিন/মডারেটর কর্তৃক পেজ-এর অ্যাকাউন্টভিত্তিক তথ্য নিরাপত্তা, স্পাম নিয়ন্ত্রণ ছাড়াও পেজ-এ প্রদর্শিতব্য কনটেন্ট-এর নিরাপত্তা কীভাবে নিশ্চিত করা যায় ইত্যাদি বিষয় সম্পর্কে অংশগ্রহণকারীগণ সুনির্দিষ্ট ধারণা পাবেন।	সফল কেস স্ট্যাডি আলোচনা	চার্ট/পোস্টার প্রভৃতি	ব্যবহারিক মূল্যায়ন করবেন
৫	Ads Manager (বিজ্ঞাপন ব্যবস্থাপনা)	ফেসবুক-পেজ এবং পেজ এ প্রদর্শিতব্য পোস্ট তথা কনটেন্টসমূহের প্রোমোশন কীভাবে করা যায়, এতৎসংশিস্লষ্ট বিজ্ঞাপন ব্যবস্থাপনা বিষয়ে অংশগ্রহণকারীগণ জানতে পারবেন। ফেসবুক অ্যাডস ম্যানেজার-এর কার্যকারিতা, অকশনভিত্তিক অ্যাড কীভাবে প্রস্তুত করতে হয় এসব বিষয়েও অংশগ্রহণকারীগণ সুস্পষ্ট ধারণা পাবেন। ফেসবুক পেজ/পোস্ট প্রমোশনের প্রয়োজন মোতাবেক যেমনঃ এলাকা, বয়স, জেন্ডার ইত্যাদি বিবেচনায় বুস্টিং কীভাবে করা যায় এবং			

	ফেসবুক পেজ/পোস্ট বুস্টিং ও মেট্রিক্স বিষয়ক ধারণা মূল্য পরিশোধ প্রক্রিয়া (পেমেন্ট) ও পণ্যের ডেলিভারি	পেজ/পোস্ট-এ দর্শকদের Engagements, Reach, Impression, Frequency, Average watch time, cost per click, cost per mile ইত্যাদি মেট্রিক্সসমূহ কীভাবে জানা যায় সে সম্পর্কে অংশগ্রহণকারীগণ সুস্পষ্ট ধারণা পাবেন। ফেসবুক পেজ/পোস্ট-এর জন্য প্রস্তুতকৃত বিজ্ঞাপন সর্বোচ্চ সংখ্যক দর্শকের কাছে সফলভাবে পৌঁছে দেওয়ার জন্য কীভাবে উক্ত বিজ্ঞাপনের পেমেন্ট করতে হবে, পেমেন্ট প্রদানের ক্ষেত্রে কি কি বাধ্যবাধকতা আছে সে বিষয়ে অংশগ্রহণকারীগণ ধারণা পাবেন। এছাড়াও পণ্য বিতরণের সাপ্লাই চেইন ব্যবস্থাপনা কেমন হতে পারে সে বিষয়েও অংশগ্রহণকারীগণ সুনির্দিষ্ট ধারণা পাবেন।			
৬	ইউটিউব চ্যানেল প্রস্তুতকরণ ইউটিউব ভিডিও এবং এর Thumbnail প্রস্তুতকরণ ইউটিউব অ্যানালাইটিক্স	অংশগ্রহণকারীগণ ইউটিউব চ্যানেল তৈরি বিষয়ক ধারণা পাবেন। অংশগ্রহণকারীগণ ইউটিউব চ্যানেলের আওতায় ভিডিও কনটেন্ট এবং Thumbnail কীভাবে প্রস্তুত করতে হবে, ভিডিও আপলোড কীভাবে করতে হবে, কোন শর্ত প্রযোজ্য কিনা সে সব বিষয়ে অংশগ্রহণকারীগণ জানতে পারবেন। ইউটিউব চ্যানেল চ্যানেল বা পোস্ট-এ দর্শকদের	আলোচনা, মুক্ত চিমস্থার ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা	পাওয়ার পয়েন্ট প্রেজেনেটশন/ফ্লিপ চার্ট/পোস্টার প্রভৃতি	প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন

		Engagements, Reach, Impression, Average watch time, cost per click, cost per mile, Age and Gender based analytics ইত্যাদি মেট্রিক্সসমূহ কীভাবে জানা যায় সে সম্পর্কে অংশগ্রহণকারীগণ সুস্পষ্ট ধারণা পাবেন। ইউটিউব চ্যানেল ব্যবস্থাপনার ক্ষেত্রে কি কি বিষয় খেয়াল রাখতে হবে, কি কি বিষয় পরিহার করতে হবে সে বিষয়ে অংশগ্রহণকারীগণ জানতে পারবেন।			

আগ্রহী কনসাল্টিং ফার্মকে আগামী ১০/১১/২০২৪ ইং তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন বা প্রস্তাবনা আরডিআরএস বাংলাদেশ আরএমটিপি-'নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন' শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্প অফিস আরডিআরএস বাংলাদেশ, জেল রোড, রাধাবল্লভ, রংপুর এ প্রকল্প ব্যবস্থাপক বরাবর প্রেরণ করতে হবে।

কৃষিবিদ ফেরদৌস হাসান প্রধান,
প্রকল্প ব্যবস্থাপক,
মোবাইলঃ০১৭১৮৭৮৭৬২২
ইমেল: ferdous.prodhan@gmail.com
আরএমটিপি পোল্ট্রি**, প্রজেক্ট**
আরডি আর এস বাংলাদেশ রংপুর।